"উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কার্যালয়

নং- ২৪.০৭.৮১২২.০২০.১৬.৫৫৫.২২- ৩৭৫(কে)    তারিখঃ ০২/০১/২৪

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা ১ম ও ২য় ত্রৈমাসিক অগ্রগতির বাস্তবায়ন প্রতিবেদন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানাচ্ছি যে, অত্র কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের মাঠ পর্যায়ের কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এ.পি.এ. এর তথ্য অধিকার আইন এর ১ম ও ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রমাণকসহ এতদসঙ্গে সংযুক্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

০২/০১/২০২৪

(মোছাঃ নাছিমা খাতুন)
পরিচিতি নং- ১৫৮৪৯
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
অতিরিক্ত দায়িত্ব
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

০২/০১/২৪

ফোকাল পয়েন্ট
তথ্য অধিকার
বার্ষিক কর্ম পরিকল্পনা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

বিতরণঃ

১। জনাব মোঃ সাখাওয়াত হোসেন, উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা (চঃদাঃ), রেগপ্রই, রাজশাহী। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।)

o:\topoy 23\totho odhikar\letter totho forwarding 2nd quarter 23-24.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কার্যালয়

নং- ২৪.০৭.৮১২২.০২০.১৬.৫৫৫.২২-৮৬ তারিখঃ ২৬/০৯/২০২৩

**বিষয়ঃ তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা ১.১ কার্যক্রম ১ম ত্রৈমাসিক এর প্রতিবেদন ছক।**

**ছক**

| বিবেচ্য সময়ের (অর্থবছর) মধ্যে প্রাপ্ত মোট সর্বমোট আবেদন সংখ্যা | বিবেচ্য সময়ের মধ্যে নিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা | অনিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা ও নিষ্পত্তি না করার কারণ | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | দাবীকৃত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) = (১) (২) | (৪) | |
| কোন আবেদন পাওয়া যায় নাই। | কোন আবেদন পাওয়া যায় নাই। | কোন আবেদন পাওয়া যায় নাই। | | |

তথ্য কর্মকর্তা
বারেগপ্রই, রাজশাহী।

মোঃ আফতাব উদ্দীন
সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।

তথ্য কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কার্যালয়

নং- ২৪.০৭.৮১২২.০২০.১৬.৫৫৫.২২-২৫৪ তারিখঃ ১৪/১২/২৩

**বিষয়ঃ তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা ১.১ কার্যক্রম ২য় ত্রৈমাসিক এর প্রতিবেদন ছক।**

**<u>ছক</u>**

| বিবেচ্য সময়ের (অর্থবছর) মধ্যে প্রাপ্ত মোট সর্বমোট আবেদন সংখ্যা | বিবেচ্য সময়ের মধ্যে নিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা | অনিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা ও নিষ্পত্তি না করার কারণ | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | দাবীকৃত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) = (১) (২) | (৪) | |
| কোন আবেদন পাওয়া যায় নাই। | কোন আবেদন পাওয়া যায় নাই। | কোন আবেদন পাওয়া যায় নাই। | | |

১৪/১২/২৩
তথ্য কর্মকর্তা
বারেগপ্রই, রাজশাহী।

মোঃ আফতাব উদ্দীন
সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।

তথ্য কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কার্যালয়

নং- ২৪.০৭.৮১২২.০২০.১৬.৫৫৫.২২-২৭৮ তারিখঃ ২০/১২/২৩

**বিষয়ঃ তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা ২.১ কার্যক্রম (স্বতঃপ্রণোদিত ভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ)-এর প্রতিবেদন ছক।**

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে স্বতঃপ্রণোদিত ভাবে প্রকাশযোগ্য সকল তথ্য ২৯/১২/২০২৩ তারিখে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২০/১২/২৩
তথ্য কর্মকর্তা
বারেগপ্রই, রাজশাহী।
মোঃ আফতাব উদ্দীন
বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।

তথ্য কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

পরিশিষ্ট-১

**স্ব-প্রণোদিত তথ্যের তালিকাঃ**

১) ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামোর বিবরণ।
২) ইনস্টিটিউটের কার্যক্রম (এলোকেশন অব বিজনেস)।
৩) ইনস্টিটিউটের কার্যবন্টন।
৪) ইনস্টিটিউটের কর্মকর্তাদের নাম, পদবী ও দায়িত্ব এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা।
৫) ইনস্টিটিউটের বিদ্যমান আইন, বিধিমালা, প্রবিধানমালা, নীতিমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা।
৬) ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন।
৭) ইনস্টিটিউটের বাজেট ও বাজেট প্রক্ষেপন (অনুন্নয়ন ও উন্নয়ন)।
৮) নাগরিক সনদ।
৯) সকল প্রকাশিত প্রতিবেদন।
১০) তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ ও তথ্য কমিশনারদের নাম, পদবী ও ঠিকানা।
১১) বিভিন্ন দেশের সাথে সম্পাদিত আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত তালিকা।
১২) ইনস্টিটিউটের বাজেট।
১৩) বাস্তবায়িত ও চলমান উন্নয়ন প্রকল্পের তালিকা, প্রস্তাবিত খরচ, প্রকৃত ব্যয়ের বিবরণসহ সংক্ষিপ্ত বিবরণী।
১৪) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারার বিধান সাপেক্ষে সামাজিক নিরাপত্তা, দারিদ্র্য বিমোচন কর্মসূচী সংক্রান্ত তথ্য।
১৫) সকল বিজ্ঞপ্তি।
১৬) ইনস্টিটিউটের সভা সংক্রান্ত।
১৭) ইনস্টিটিউটের উদ্ভাবিত প্রযুক্তি, সম্পাদিত ও চলমান গবেষণা এবং প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য।

পরিশিষ্ট-২

**চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকাঃ**

১) ইনস্টিটিউটের উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য।
২) ইনস্টিটিউটের বার্ষিক অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য।
৩) ইনস্টিটিউটের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পন (Delegation of authority) সংক্রান্ত তথ্য।

পরিশিষ্ট-৩

**যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়ঃ**

১) তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় উল্লেখিততথ্য।
২) ইনস্টিটিউট সংক্রান্ত মন্ত্রিপরিষদের গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা/অনুশাসন।
৩) ইনস্টিটিউট সংক্রান্ত প্রধানমন্ত্রীর গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা/অনুশাসন।
৪) রাষ্ট্রপতি প্রদত্ত গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা/অনুশাসন।
৫) কোন মন্ত্রণালয়ের সচিব/মন্ত্রী কর্তৃক প্রদত্ত গোপনীয় বিষয় সংক্রান্ত তথ্য।
৬) রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন।
৭) সরকারীভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃত তথ্য।

মোঃ আফতাব উদ্দীন
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।






# বার্ষিক প্রতিবেদন

| ক্রমিক | শিরোনাম | প্রকাশের তারিখ | ডাউনলোড |
|---|---|---|---|
| ৬ | বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ | 2023-10-16 | PDF |
| ৫ | বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ | 2022-10-03 | PDF |
| ৪ | বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯ | 2019-07-31 | |
| ৩ | বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭ | 2017-10-15 | PDF |
| ২ | বার্ষিক প্রতিবেদন ২০১৫-২০১৬ | 2016-10-11 | PDF |
| ১ | বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫ | 2015-11-01 | PDF |



মোঃ আফতাব উদ্দীন
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।

# বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারেগপ্রই), রাজশাহী।



# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২০২৩


যোগাযোগঃ

বালিয়াপুকুর,পদ্মাআবাসিক,রাজশাহী-৬২০৭

টেলিফোনঃ +৮৮-০৭২১-৭৭৬২৯৬

ফ্যাক্সঃ +০৭২১-৭৭০৯১৩

ওয়েব সাইটঃwww.bsrti.gov.bd

ই-মেইলঃ info@bsrti.gov.bd


মোঃ আফতাব উদ্দীন

সিনিয়র সায়েন্টিফিক অফিসার

# বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারেগপ্রই)

**পটভূমিঃ**

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট দেশে রেশম সেক্টরে উন্নয়নের লক্ষ্যে লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও দক্ষ জনশক্তি সৃষ্টির একমাত্র প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ৩ জানুয়ারি ১৯৬২ সালে রেশম সেক্টরে কারিগরি সহায়তা প্রদান করার জন্য সিল্ক কাম ল্যাক রিসার্চ ইনস্টিটিউট এবং সিল্ক টেকনোলজীক্যাল ইনস্টিটিউট নামে শিল্প অধিদপ্তরের অধীনে রাজশাহী শহরে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ইনস্টিটিউটকে ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থার অধীনে নেয়া হলে ১৯৭৪ সালে ইনস্টিটিউট দু'টিকে একীভূত করে সিল্ক রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট নামকরণ করা হয়। ১৯৭৮ সালে বাংলাদেশ রেশম বোর্ড প্রতিষ্ঠিত হলে এই প্রতিষ্ঠানটি বাংলাদেশ রেশম বোর্ডের আওতাধীনে আসে এবং বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারেগপ্রই) নামে পুন: নামকরণ করাহয়। ২০০৩ সালে ২৫ নং আইনবলে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটকে বাংলাদেশ রেশম বোর্ড থেকে পৃথক করে সরাসরি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে নেয়া হয়। ২০১৩ সালে ১৩ নং আইনবলে বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং বাংলাদেশ সিল্ক ফাউন্ডেশনকে একীভূত করে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড গঠিত হয়।

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল আইন, ২০১২ মোতাবেক কৃষি মন্ত্রণালয়ের আওতায় National Agricultural Research System (NARS)- এর সদস্যভূক্ত হয়েছে।

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ৫টি গবেষণাশাখা যথা: তুঁতচাষ, রেশমকীট, সেরি-রসায়ন, সেরি-রোগতত্ব, রেশম প্রযুক্তি শাখা এবং এছাড়াও একটি প্রশিক্ষণ শাখা রয়েছে। তাছাড়া বারেগপ্রই-এর নিয়ন্ত্রণাধীন রাঙ্গামাটি পার্বত্য জেলার চন্দ্রঘোনায় একটি আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র (আরেগকে)এবং পঞ্চগড় জেলার সাকোয়ায় একটি জার্মপ্লাজম মেইনটেন্যান্স সেন্টার (জিএমসি)রয়েছে।

**রূপকল্প (Vision):**

রেশম প্রযুক্তি উদ্ভাবনে গতিশীল গবেষণা প্রতিষ্ঠান।

**অভিলক্ষ্য (Mission):**

লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করে রেশম শিল্পকে উল্লেখযোগ্য পর্যায়ে উন্নীতকরণ।

**উদ্দেশ্য(Objectives)**

- ★ দেশের আবহাওয়া উপযোগী রেশমচাষের টেকসই প্রযুক্তি উদ্ভাবন ও মাঠ পর্যায়ে হস্তান্তর;
- ★ রেশমচাষে নিয়োজিত সরকারি/বেসরকারি ও ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানকে কারিগরি সহায়তা প্রদান;
- ★ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি করে দেশে দারিদ্রতা হ্রাসকরণসহ রেশম শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে সহায়তা প্রদান।

**কার্যক্রম (Functions):**

**বারেগপ্রই, রাজশাহীঃ**

- ★ তুঁতের জার্মপ্লাজম সংগ্রহ, সংরক্ষণ ও উচ্চ ফলনশীল তুঁতজাত উদ্ভাবন;
- ★ তুঁতচাষ প্রযুক্তি,তুঁতগাছের রোগবালাই ও কীটশত্রু দমন প্রযুক্তি উদ্ভাবন;
- ★ মাটিওতুঁতপাতার গুনগত মান পরীক্ষণ এবং প্রয়োজনীয় খাদ্যমান ব্যবস্থাপনার মাধ্যমে তুঁতপাতার গুনগত মান উন্নয়ন;
- ★ রেশমকীটের জাত সংগ্রহও সংরক্ষণ এবংআবহাওয়া সহিষ্ণু উচ্চফলনশীল,রোগ প্রতিরোধ সম্পন্ন উন্নত বহুচক্রী ও দ্বিচক্রী জাত উদ্ভাবন;
- ★ গুনগত মানের রেশমকীটের ডিম উৎপাদনের প্রযুক্তি, উন্নত পলুপালন ঘর,পলুপালন সামগ্রী ও পলুপালন প্রযুক্তি উদ্ভাবন;
- ★ রেশমকীটের রোগবালাই ও কীটশত্রু দমনের লক্ষে বিভিন্ন ধরণের বিশোধক ও প্রযুক্তি উদ্ভাবন;
- ★ পোস্ট কোকুন টেকনোলজি ও রিলিং প্রযুক্তি উদ্ভাবন;
- ★ দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষে দীর্ঘমেয়াদী ও স্বল্পমেয়াদী কোর্সে প্রশিক্ষণ প্রদান;
- ★ লাইব্রেরী-তে বিভিন্ন শিক্ষণীয় বিষয়ের বই, সাময়িকী, জার্নাল, লিফলেট,পত্রিকা সংগ্রহ, সংরক্ষণও প্রকাশনা।

**আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র (আরেগকে), চন্দ্রঘোনা, রাঙ্গামাটি পার্বত্য জেলাঃ**

- ★ বারেগপ্রই এর বিকল্প জার্মপ্লাজম ব্যাংক হিসেবে তুঁত ও রেশমকীটের জাত সংগ্রহ ও সংরক্ষণ;
- ★ পাহাড়ী পরিবেশ উপযোগী তুঁত ও রেশমকীটের জাত ও রেশমচাষ প্রযুক্তি উদ্ভাবন;
- ★ পাহাড়ী অঞ্চলে রেশমচাষে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষে চাষী পর্যায়ে ও টিওটি প্রশিক্ষণ প্রদান।

**জার্মপ্লাজমমেইটেন্যান্সসেন্টার (জিএমসি), সাকোয়া, পঞ্চগড়ঃ**

**নবল:**


বর্তমানে অত্র প্রতিষ্ঠানে রাজস্ব খাতভূক্ত মোট অনুমোদিত পদ ৯৮ জন। এর মধ্যে কর্মরত ৩৩ জন এবং শুন্য পদের সংখ্যা ৬৫ জন।

## ২০২২-২০২৩ অর্থ বছরে উল্লেখযোগ্য অগ্রগতিসমূহঃ


**গবেষণাঃ**

**বারেগপ্রই, রাজশাহীঃ**





- ★ জার্মপ্লাজম ব্যাংকে তুঁতজাতের সংখ্যা ৮৪টিতে উন্নীত হয়েছে;
- ★ তুঁতপাতার উৎপাদন বছরে হেক্টর প্রতি ৩৭.০০-৪০.০০ মেঃটন এর স্থলে ৪০-৪৮ মেঃটন এ উন্নীত করা সম্ভব হয়েছে;
- ★ তুঁত গাছের রোগ-বালাইদমনে প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।
- ★ জার্মপ্লাজম ব্যাংকে রেশমকীটের জাত ১১৪টিতে উন্নীত হয়েছে।
- ★ রেশমগুটির উৎপাদন ৬০-৭০ কেজি থেকে ৭০-৭৬ কেজিতে উন্নীত করা সম্ভব হয়েছে।
- ★ জ্যৈষ্ঠা ও ভাদুরী বন্দে আবহাওয়া সহনশীল রেশমকীটের বহুচক্রীজাত উদ্ভাবন এবং ফিল্ড ট্রায়াল সম্পন্ন করা হয়েছে। মাঠ পর্যায়ে এর উৎপাদন প্রতি ১০০ রোগমুক্ত ডিমে ৫০-৫৫ কেজি।
- ★ বর্তমানে ০১ কেজি কাঁচা রেশম সুতা উৎপাদন করতে ১০-০৯ কেজি কাঁচা রেশম গুটির প্রয়োজন হচ্ছে, যা পূর্বে ০১ কেজি কাঁচা রেশম সুতা উৎপাদন করতে ১৮-২০ কেজি রেশম গুটির প্রয়োজন হতো।



- ★ প্রচলিত থাই রিলিং মেশিনটিকে ডুয়েল ড্রাইভিং সিস্টেম (হস্ত/পাওয়ার চালিত) এ উন্নীত করা হয়েছে যার ফলে অল্প সময়ে স্বল্প খরচে অধিক রেশমসুতা কাটাই করা সম্ভব হচ্ছে।








মোঃ আফতাব উদ্দীন
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।

**আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র (আরেগকে), চন্দ্রঘোনা, রাঙামাটি পার্বত্য জেলাঃ**

- ★ ১২টি তুঁতজাত ও ২৮টি রেশমকীট জাত সংরক্ষণ করা হচ্ছে। তুঁত ও রেশমকীটের জাতের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধির কাজ চলমান রয়েছে।
- ★ পাহাড়ী পরিবেশ উপযোগী তুঁতচাষ ও পলুপালন প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।



**জার্মপ্লাজম মেইটেন্যান্স সেন্টার (জিএমসি), সাকোয়া, পঞ্চগড়ঃ**

- ★ ১২ টি তুঁতজাত এবং৪৮টি রেশমকীট জাত সংরক্ষণকরাহচ্ছে।
- ★ রেশমকীটের এফ-১বানিজ্যিক ডিম উৎপাদনের লক্ষে বিএসডিবি এর চাহিদা অনুযায়ি পি-১নার্সারীতে ২০২২-২০২৩ অর্থবছরে দ্বিচক্রী জাতের ২০০০ টি ডিম বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডকে সরবরাহ করা হয়েছে।



**রাজস্ব বাজেটের তথ্যাবলীঃ**

২০২২-২০২৩ অর্থবছরের অগ্রগতিঃ

| | |
|---|---|
| সংশোধিত বরাদ্দঃ | ৩৩২.৩৬ লক্ষ টাকা |
| ব্যয়ঃ | ২৯২.৪৭৩ লক্ষ টাকা |
| আর্থিক অগ্রগতিঃ | ৮৭.৯৭ %। |

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) কার্যক্রম:

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট রেশম সেক্টরের জন্য প্রযুক্তি উদ্ভাবন এবং দক্ষ জনশক্তি সৃষ্টির কাজ করে থাকে। প্রতিষ্ঠানের মিশন, ভিশন ও কার্যক্রমের উপর ভিত্তি করে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরে নিম্নোক্ত লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছে:

- ➢ জার্মপ্লাজম ব্যাংকে ৮৪টি তুঁতজাত সংরক্ষণ করা;
- ➢ জার্মপ্লাজম ব্যাংকে ১১৪টি রেশমকীট জাত সংরক্ষণ করা;
- ➢ ১টিতুঁতজাতউদ্ভাবনের১৫% কাজসম্পন্নকরা;
- ➢ ১টিরেশমকীট জাতউদ্ভাবনের২০% কাজসম্পন্নকরা;
- ➢ ১০,৭০০ কেজি উন্নতজাতের তুঁতকাটিং উৎপাদন করা;
- ➢ গবেষণাগারে ১০০ রোগমুক্ত ডিমে রেশমগুটির উৎপাদনশীলতা ৭৭ কেজিতে উন্নীত করা;
- ➢ রেশমসেক্টরে২৫০জনকেপ্রশিক্ষণপ্রদানকরা।

## ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যক্রমঃ

- ★ www.bsrti.gov.bd নামে প্রতিষ্ঠানের একটি ওয়েব পোর্টাল চলমান রয়েছে যাতে ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামো, কর্মকান্ড, অগ্রগতি, কর্মকর্তাগণের পরিচিতি, বিভিন্ন নোটিশ, প্রতিবেদন ইত্যাদি নিয়মিতভাবে প্রদর্শিত ও হালনাগাদ করা হচ্ছে।
- ★ ইনস্টিটিউটের ওয়েব সাইটে ও দেয়ালে সিটিজেন চার্টার প্রদর্শিত হচ্ছে এবং নাগরিকদের চাহিদা মোতাবেক সেবা প্রদান করা হচ্ছে এবং ২০২২-২০২৩ অর্থবছরে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নিয়মিতভাবেহালনাগাদ করা হচ্ছে।
- ★ মোবাইল ফোনের মাধ্যমে তথ্য সেবা প্রদানের জন্য রেশম ই-সেবা নামক একটি ইনোভেশন ধারণা বাস্তবায়নাধীন রয়েছে। ইতোমধ্যে দেশে বিভিন্ন অঞ্চলের রেশমচাষী, মাঠকর্মীদের মোবাইল নম্বর সহ অনান্য তথ্য সম্বলিত ১৫৮০ জনের একটি ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। রেশমচাষীদের বিভিন্ন সময়ে তুঁতচাষ ও পলুপালনে করণীয় বিষয়ক বার্তা মোবাইলে প্রেরণের কাজ চলমান রয়েছে।

★ ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সেরিকালচার ইনফরমেশন নামক মোবাইল এ্যাপলিকেশন প্রস্তুত করা হয়েছে এবং তা গুগল প্লেস্টোরে আপলোড করা হয়েছে। যার মাধ্যমে জনগন রেশমচাষ সর্ম্পকিত তথ্য মোবাইলের মাধ্যমে জানতে পারছেন।

★ ইনস্টিটিউটের সকল সম্পাদিত গবেষণা কার্যক্রম বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত Agriculture Research Management Information System (ARMIS), online database software এর মাধ্যমে নিয়মিতভাবেপ্রদর্শিত হচ্ছে।

★ ইনস্টিটিউটের সকল কর্মকর্তা কর্মচারীদের ব্যক্তিগত তথ্যাবলী বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর বাস্তবায়িতPersonnel Management Information System (PMIS), online databased software এ অন্তর্ভূক্ত করা হয়েছে।

★ সরকারি ক্রয় কার্যে ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরনের লক্ষ্যে প্রতিষ্ঠানের ক্রয় কার্যক্রম ই-জিপি এর আওতায় এনে নিয়মিতভাবে বাস্তবায়ন করা হচ্ছে।

★ পলু পাউডার বিক্রয় সেবা পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে "এক ধাপে পলুপাউডার সরবরাহ" নামক ইনোভেশন ধারণা বাস্তবায়ন করা হচ্ছে। এ সেবার আওতায় মোবাইলের মাধ্যমে DBBL/Bkash Accountব্যবহার করে নিজ অবস্থানে থেকে স্টেকহোল্ডারগণের পলুপাউডার ক্রয় ও গ্রহণ করার সুযোগ রাখা হয়েছে ।

★ iBAS++ (Integrated Budget and Accounting System) এ অত্র প্রতিষ্ঠানের রেজিষ্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। প্রতিষ্ঠানের বাজেট সংক্রান্ত তথ্য iBAS++ অনলাইন সফটওয়্যার এর মাধ্যমে ইনপুট নিয়মিতভাবে দেয়া হচ্ছে।

## ২০২২-২০২৩ অর্থ বছরের বিভিন্ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- জার্মপ্লাজম ব্যাংকে৮৪টি তুঁতজাত সংরক্ষণ করা;
- জার্মপ্লাজম ব্যাংকে ১১৪টি রেশমকীট জাত সংরক্ষণ করা;
- ০১ টি তুঁতজাত উদ্ভাবনের পর্যায়ে যেতে $F_1$ জেনারেশন তৈরীর লক্ষ্যে ক্রসিং অনুযায়ী প্রাপ্ত সার্ভাইভকৃত তুঁতচারা সমূহ রোপন ও আন্তঃপরিচর্যা;
- ০১ টি রেশমকীট জাতের উদ্ভাবনের পর্যায় হিসাবে $F_4$ genaration কে backcross করে $F_5$ genaration এর রেয়ারিং এর মাধ্যমে $F_6$ genaration তৈরী হয়;
- ১০.৮০ মেট্রিক.টন উন্নতজাতের তুঁত কাটিং উৎপাদন করা;
- রেশম সেক্টরে ২৫৫ জন প্রশিক্ষণ প্রদান করা;

## সেবা সহজীকরণ:

| ক্রঃ নং | উদ্ভাবনী উদ্যোগসমূহ | পুর্বে কি অবস্থা ছিল | বর্তমানে কি পরিবর্তন হয়েছে |
|---|---|---|---|
| ১ | One Stop Service Deskচালুকরণ | **সেবা গ্রহীতাদেরকেঃ**<br>➢ বিভিন্ন ধরণের সেবার জন্য বিভিন্ন ডেস্কে যেতে হত;<br>➢ সেবা পেতে অনেক সময়ের প্রয়োজন হত;<br>➢ সেবা প্রদানে দায়বদ্ধতা কম ছিল এবং সেবা প্রাপ্তির কোন নির্দিষ্ট সময় উল্লেখ ছিল না। | **বর্তমানে সেবা গ্রহীতাগণঃ**<br>➢ সকল নাগরিক সেবা সমূহের আবেদন গ্রহণ এবং সেবা প্রদান একটি ডেস্ক থেকে পাচ্ছেন;<br>➢ আবেদন এর সময় সেবা প্রাপ্তির সম্ভাব্য তারিখ ও সময় অবগত হচ্ছেন;<br>➢ এতে সেবা গ্রহীতাদের ভোগান্তি কম হচ্ছে এবং সময় কম লাগছে। |
| ২ | রেশম-ই-সেবা বাস্তবায়ন | ➢ রেশম চাষীদের মোবাইল নাম্বার সম্বলিত কোন ডেটাবেজ ছিলনা;<br>➢ তুঁতচাষ ও পলুপালন সংক্রান্ত কোন সমস্যার সম্মুখীন হলে দ্রুত সমস্যা সমাধানের সুযোগ ছিলনা;<br>➢ কারিগরি দিক নির্দেশনার অভাবে অনেক সময় চাষীদের ক্রপ ক্ষতি গ্রস্থ হত। | ➢ রেশম চাষীদের মোবাইল নাম্বার সম্বলিত ডেটাবেজ তৈরি করা হয়েছে<br>➢ তুঁতচাষ ও পলুপালন সংক্রান্ত কারিগরি দিক নির্দেশনা প্রদান করে নিয়মিত এসএমএস প্রদান করা হচ্ছে। |
| ৩ | দর্শনার্থীদের বিশ্রামাগারের(waiting room)ব্যবস্থাকরণ | ➢ দর্শনার্থী/সেবা গ্রহীতাগণ এলো-মেলোভাবে বারান্দা/কোন কর্মকর্তার কক্ষে অপেক্ষা করতে হত;<br>➢ দর্শনার্থী/সেবা গ্রহীতাগণ বিব্রতবোধ করতেন। | ➢ দর্শনার্থী/সেবা গ্রহীতাগণের জন্য একটি বিশ্রাম কক্ষের ব্যবস্থা করা হয়েছে;<br>➢ তাদের বসার আসন, ফ্যান এবং নিরাপদ পানির ব্যবস্থা করা হয়েছে। |

| ক্রঃ নং | উদ্ভাবনী উদ্যোগসমূহ | পূর্বে কি অবস্থা ছিল | বর্তমানে কি পরিবর্তন হয়েছে |
|---|---|---|---|
| ৪ | প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্ন রাখার উদ্দ্যেশ্যে প্রতিষ্ঠান চত্বরে এবং সকল শাখার করিডরে ডাস্টবিন স্থাপন | পূর্বে পুরাতন কিছু ডাস্টবিন ছিল যা পর্যাপ্ত নয়এবং ডাস্টবিন স্বল্পতার কারণে অনিচ্ছা সত্ত্বেও ময়লা আবর্জনা যেখানে সেখানে ফেলা হত। | প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ স্থানে এবং সকল শাখার করিডরে দৃষ্টিনন্দন ডাস্টবিনের ব্যবস্থা করা হয়েছে। ফলে প্রতিষ্ঠানেরপরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে। |
| ৫ | CC Cameraস্থাপন | পূর্বে প্রতিষ্ঠনের নিরাপত্তাসহ কর্মকর্তা/ কর্মচারীদের অফিস চলাকালীন সময়ে যত্রতত্র ঘোরাফেরা সার্বক্ষণিক পর্যবেক্ষণের আওতায় ছিল না। | প্রতিষ্ঠানের মূল ফটক, গুরুত্বপূর্ণস্থান এবং পুরো প্রশাসনিক ভবন সার্বক্ষণিক পর্যবেক্ষণের আওতায় আনা হয়েছে। ফলে কর্মকর্তা/ কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান, অফিস চলাকালীন সময়ে যত্রতত্র ঘোরাফেরা নিয়ন্ত্রণসহ প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা সার্বক্ষণিক নিয়ন্ত্রণ করা হচ্ছে। |

## উত্তম চর্চাসমূহঃ

**প্রশিক্ষণার্থীদের সচেতনতা বৃদ্ধিঃ**

বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন, দূর্যোগ ব্যবস্থাপনা এবং ডিজিটাল বাংলাদেশ ও ইনোভেশন সংক্রান্ত বিষয়ের উপর প্রশিক্ষণার্থীদের সচেতনতা বৃদ্ধির লক্ষে প্রতিটি প্রশিক্ষণ কোর্সে ক্লাস অন্তর্ভুক্ত করে নিয়মিতভঅবে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**রেশম-ই-সার্ভিস বাস্তবায়নঃ**

রেশমচাষী ও সংশ্লিষ্টদের মোবাইল নাম্বার ও অন্যান্য তথ্য সম্বলিত ১৭০০ জনের একটি ডাটাবেজ তৈরি করা হয়েছে।সারা বছরব্যাপী চারটি বন্দে তুঁতচাষ ও পলুপালন করা হয়। বছরের চারটি বন্দের তাপমাত্রা ও আদ্রতা ভিন্ন ভিন্ন। সফল রেশমচাষ নির্ভর করে তুঁতচাষ ও পলুপালন উভয় ক্ষেত্রে কারিগরি কৌশল সঠিকভাবে প্রয়োগের উপর। এই উদ্ভাবনী সেবার দ্বারা চাষীদের তুঁতচাষ ও পলুপালনকালীন বিশেষ বিশেষ দিক নির্দেশনা মূলক পরামর্শ যেমন-কোন নির্দিষ্ট বন্দের জন্য তুঁতগাছের যে সময় প্রুনিং করা প্রয়োজন ঠিক তখন এসএমএস এর মাধ্যমে সকল চাষীদের প্রুনিং করার জন্য জানিয়ে দেওয়া হচ্ছে, এছাড়াও পলুপালনকালীন বিশেষ বিশেষ কৌশল- তাপমাত্রা, আদ্রতা নিয়ন্ত্রণ পদ্ধতি, বেড ডিসইনফেকশন, ফিডিং এর সঠিক সময় ও পদ্ধতি ইত্যাদি বিষয়ে এসএমএস এর মাধ্যমে তথ্যসেবা প্রদান করা হচ্ছে। বিশেষ কোন রোগবালাই এর প্রাদুর্ভাব দেখা দিলে তা নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কিত প্রয়োজনীয় পরামর্শপ্রদান করা হচ্ছে।

**বিদ্যুৎ সাশ্রয়ী পদক্ষেপ গ্রহণঃ**

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারী অফিস কক্ষে অনুপস্থিত সময়ে এসি, ফ্যান, লাইট ও অনান্য বৈদ্যুতিক সরঞ্জামাদিবন্ধ রাখা হচ্ছে। নির্দেশনা মোতাবেক অফিস চলাকালীন সময়ে এসি, ফ্যানও লাইট বন্ধ রেখে ঘবের জানালা দরজা খুলে প্রাকৃতিক আবহাওয়ায় ও প্রাকৃতিক আলোয় কার্যক্রম পরিচালনা করা হচ্ছেএবং তা নিশ্চিতকরণের লক্ষ্যে অত্র প্রতিষ্ঠানের কেয়ার টেকারের মাধ্যমে তদারকি কার্য অব্যাহত রয়েছে।

**কর্মচারীদের ড্রিলঃ**

প্রতিষ্ঠানে কর্মরত ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের নিয়মিতভাবে প্রতি বৃহস্পতিবার সকাল ১০.৩০-১১.০০ পর্যন্ত সহকারী পরিচালক (প্রশাসন) এর তত্ত্বাবধানে ড্রিল অনুষ্ঠিত হচ্ছে। এর মাধ্যমে কর্মচারীদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ধারণা ও নির্দেশনা প্রদান করা হয়। ফলে তারা নিজ দায়িত্ব সঠিকভাবে পালনে উৎসাহিত হন,এছাড়াও কাজের গুণগতমান বৃদ্ধি পেয়েছে।

**কোভিড-১৯ ও তার প্রতিরোধ ব্যবস্থাপনাঃ**

সাম্প্রতিক সময়ে করোনা (কোভিড-১৯) ভাইরাস জনিত রোগ একটি গুরুত্বপূর্ণ ইস্যু।মন্ত্রী পরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা কর্তৃক কোভিড-১৯ এর বর্তমান পরিস্থিতিতে নির্দেশনাসহ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবিধি বিষয়ক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করে অত্র প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারী, আনসার ও শ্রমিকবৃন্দমুখে মাস্ক পরিধান করে নিয়মিতভাবে সকল কার্যক্রম পরিচালনা করছেন।

**পরিস্কার পরিচ্ছন্নতায় ডাস্ট বিনের ব্যবহারঃ**

অফিস চত্বর ও প্রতিষ্ঠানের বিভিন্ন শাখাসমূহ পরিস্কার ও পরিচ্ছন্ন রাখার উদ্দ্যেশে অফিস চত্বরে ও বিভিন্ন স্থানে ডাস্টবিন (পোর্টেবল) রাখা হয়েছে। ক্যাম্পাস ও নিজ কর্মস্থল পরিস্কার-পরিচ্ছন্ন রাখার উদ্দ্যেশে ডাস্টবিন ব্যবহারের বিষয়ে কর্মকালীন প্রশিক্ষণের মাধ্যমে সকলের সচেতন বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রয়েছে। এ উত্তম চর্চার মাধ্যমে [illegible]

**অভিযোগ নিস্পত্তি ব্যবস্থাপনা (জিআরএস):**

অত্র ইনস্টিটিউটে অভিযোগ নিস্পত্তি ব্যাবস্থাপনা (জিআরএস) বিষয়ক একটি কমিটি রয়েছে এবং ইনস্টিটিউটের সেবা সম্পর্কিত যে কোন অভিযোগ নিস্পত্তির জন্য একজন কর্মকর্তাকে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর দায়িত্ব প্রদান করা হয়েছে এবং আপিল কর্মকর্তা হিসেবে পরিচালক,বারেগপ্রই দায়িত্ব পালন করছেন। ইনস্টিটিউটের সেবা সম্পর্কিত অভিযোগ প্রদানের জন্য একটি অভিযোগ বাক্স অত্র প্রতিষ্ঠানের সম্মুখে স্থাপন করা হয়েছে।উল্লেখ্য ২০২২-২০২৩ অর্থ বছরে কোন অভিযোগ পাওয়া যায়নি।

**অডিট আপত্তি:**

২০২২-২০২৩ অর্থ বছরে মোট অডিট আপত্তির সংখ্যা ০৯টি।আপত্তিকৃত অডিটের মধ্যে ২টি মামলা সংক্রান্ত এবং বাকি ৭টি আর্থিক সংশ্লিষ্ট হওয়ায় ইতোমধ্যে আদায় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, এ পর্যন্ত নতুনভাবে আর কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি।

**প্রতিষ্ঠানের সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

**সমস্যাঃ**

- ★ জনবলের অপ্রতুলতা;
- ★ গবেষণা ও প্রশিক্ষণ পরিচালনার জন্য উন্নয়ন প্রকল্পের উপর নির্ভরশীলতা;
- ★ আধুনিক ল্যাবরেটরি সুবিধাদির অভাব;
- ★ উদ্ভাবিত প্রযুক্তি যথাযথভাবে মাঠ পর্যায়ে প্রয়োগের অভাব;
- ★ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের বিদ্যমান ২টি প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার (পিএসও) পদ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হলেও অর্থমন্ত্রণালয় কর্তৃক উক্ত পদ ২টি কর্তন করা হয়েছে। গবেষণার ক্ষেত্রে পদ ২টি খুবই গুরুত্বপূর্ণ হওয়ায় কর্তনের ফলে গবেষণা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

**চ্যালেঞ্জসমূহঃ**

- ★ পরিবর্তনশীল বৈশ্বিক আবহাওয়া সাথে খাপ খাওয়ানোর জন্য আরো আবহাওয়া সহিষ্ণু তুঁত ও রেশমকীটের জাত উদ্ভাবন;
- ★ গবেষণাগার ও মাঠ পর্যায়ে ইল্ড গ্যাপ হ্রাসকরণ;
- ★ অগ্রাহায়ণী ও চৈতা বন্দে মাল্টি বাই হাইব্রিডের পরিবর্তে বাই-ভোল্টাইন হাইব্রিড জাতের পলুপালন প্রচলন;
- ★ রেশম সুতার মান উন্নয়ন।

**সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়ঃ**

- ★ জনবলের অপ্রতুলতা নিরসনের লক্ষ্যে যত দ্রুত সম্ভব জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করা। প্রয়োজনে বিদ্যমান প্রবিধানমালার আওতায় নিয়োগ-পদোন্নতি দেয়ার জন্য প্রশাসনিক আদেশের ব্যবস্থা করা;
- ★ আবহাওয়া সহিষ্ণু তুঁত ও রেশমকীটের জাত উদ্ভাবনের লক্ষে গবেষণাগারে ল্যাবরেটরীসমূহ আধুনিকায়ন ও সংশ্লিষ্ট বিজ্ঞানী নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা;
- ★ গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রাজস্ব খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান করা ;
- ★ বিদ্যমান ল্যাবরেটরীসমূহ আধুনিকায়ন করা;
- ★ মাঠ পর্যায়ে ইল্ড গ্যাপ হ্রাসকরণে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (বিএসডিবি) এর আওতাধীন এক্সটেনশন নেটওয়ার্ক শক্তিশালী করার পাশাপাশি রেশমচাষীদের স্ব-ক্ষমতা বৃদ্ধি করা;
- ★ গবেষণার ক্ষেত্রে গুরুত্ব বিবেচনা করে কর্তনকৃত পিএসও পদ ২টি সহ অন্যান্য টেকনিক্যাল পদসমূহ সৃজনের দ্রুত উদ্যোগ গ্রহণ করা;
- ★ বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের গবেষণা সক্ষমতা আরো বৃদ্ধির লক্ষ্যেNARS ভুক্ত অনান্য কৃষি গবেষণা প্রতিষ্ঠান এবং অনান্য দেশের রেশম গবেষণা প্রতিষ্ঠানের ন্যায় এ প্রতিষ্ঠানের প্রতিটি গবেষণা শাখাকে বিভাগে রূপান্তর করে প্রতিটি বিভাগ এবং আঞ্চলিক কেন্দ্র সমূহে প্রয়োজনীয় সংখ্যক CSO, PSO, SSO, SOএবং টেকনিক্যাল পদের সংখ্যা বৃদ্ধবাক্ষরিত/

স্বাক্ষরিত/-

পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
বারেউবো, রাজশাহী।

"উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কার্যালয়

নং- ২৪.০৭.৮১২২.০২০.১৬.৫৫৫.২২ ~~১৩২(ক)১৭~~ ১৩১

তারিখঃ ~~১৮/০৯/২০২২~~ ১০/১০/২০২৩ খ্রিঃ

## নোটিশ

**বিষয়ঃ তথ্য অধিকার আইন-২০০৯ এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ সংক্রান্ত প্রশিক্ষন।**

রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের ২০২৩-২৪ অর্থ বছরের আবশ্যিক কৌশলসহ উদ্দেশ্যসমূহের (এপিএ) কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তথ্য অধিকার আইন সম্পর্কে সভা আগামী ১৫/১০/২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্টদের স্বাস্থবিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১০/১০/২০২৩
(মোছাঃ নাছিমা খাতুন)
পরিচিতি নং- ১৫৮৪৯
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
অতিরিক্ত দায়িত্ব
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
রাজশাহী।

নং-২৪.০৭.৮১২২.০২০.১৬.৫৫৫.২২- ৬৭ তারিখঃ ২০/১০/২০২৩

## নোটিশ

**বিষয়ঃ তথ্য অধিকার আইন-২০০৯ এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ সংক্রান্ত প্রশিক্ষন।**

তথ্য অধিকার আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক প্রশিক্ষন ২০২৩-২৪ (১ম কোয়ার্টার) এর অংশ হিসাবে আগামী ২৫/১০/২০২৩ তারিখ দিন ব্যাপী নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কর্মকর্তা/কর্মচারীগণের নামের তালিকা সংযুক্ত করা হলো।

| ক্রঃ নং | সময় | আলোচ্য বিষয় | প্রশিক্ষক |
|---|---|---|---|
| ১। | ১০.০০ - ১১.০০ | ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার নির্দেশিকা বিষয়ক আলোচনা | জনাব মোঃ আনওয়ার হোসেন<br>মহাপরিচালক<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড<br>রাজশাহী। |
| ২। | ১১.০০ - ১১.১৫ | নাশতার বিরতি | |
| ৩। | ১১.১৫ - ১২.২৫ | সরকারি গোপনীয় আইন | জনাব মোছাঃ নাছিমা খাতুন<br>পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) (অঃদাঃ)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। |
| ৪। | ১২.১৫ – ১৩.২৫ | স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ ও তথ্য প্রাপ্তি | জনাব মোঃ আফতাব উদ্দীন<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (চঃদাঃ)<br>বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট |
| ৫। | নামাজ ও মধ্যহ্ন ভোজ ১৩.২৫ - ১৪.০০ | | |
| ৬। | ১৪.০০ – ১৫.০০ | রেশম গবেষণা ও প্রশিক্ষন ইনস্টিটিউটের ওয়েবসাইটে সেবা বক্স সহ অন্যান্য কন্টেন্ট হালনাগাদকরণ ও আরও তথ্যবহুল উন্নতকরণ বিষয়ক আলোচনা। | জনাব মোঃ সাখাওয়াত হোসেন<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (চঃদাঃ)<br>বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট |
| ৭। | ১৫.০০ – ১৬.০০ | তথ্য অধিকার আইন-২০০৯, বিধিমালা ও প্রবিধানমালা বিষয়ক উন্মুক্ত আলোচনা ও সমাপ্তি ঘোষণা | জনাব মোঃ আনওয়ার হোসেন<br>মহাপরিচালক<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড<br>রাজশাহী। |
| ৮। | | কোর্স পরিচালক | জনাব মোছাঃ নাছিমা খাতুন<br>পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) (অঃদাঃ)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। |
| ৯। | | কোর্স সমন্বয়ক | জনাব কাজী রফিকুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী (তড়িৎ)<br>বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট |
| ১০। | | কোর্স সহায়ক কর্মচারী | ১. জনাব অলি আহমেদ<br>পি এ টু পরিচালক<br>২. জনাব মোঃ হাবিবুর রহমান<br>উচ্চমান সহকারী (অঃদাঃ)<br>৩. জনাব মারুফা বেগম<br>অফিস সহায়ক |

২০/১০/২০২৩
(মোছাঃ নাছিমা খাতুন)
পরিচিতি নং- ১৫৮৪৯
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
অতিরিক্ত দায়িত্ব
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

বিতরণঃ

১। শাখা প্রধান ........................................ শাখা, বারেগপ্রই, রাজশাহী।
২। জনাব ........................................................................................, বারেগপ্রই, রাজশাহী।
৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, বারেগপ্রই, রাজশাহী।
৪। আহবায়ক, আপ্যায়ন কমিটি, বারেগপ্রই, রাজশাহী। (সভায় প্রশক্ষণার্থীদের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হ'ল।)
৫। পরিচ্ছন্নতা কর্মী, বারেগপ্রই, রাজশাহী। (তাকে উক্ত দিন সভা কক্ষ প্রস্তুত রাখার জন্য বলা হ'ল।)
৬। সংশ্লিষ্ট নথি।

c:\users\user\downloads\letter_totho odhikar 23-24.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
রাজশাহী।

## তথ্য অধিকার আইন-২০০৯ এর বিধিমালা, প্রবিধানমালা ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের নামের তালিকাঃ

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আবু তালেব | হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ২. | ড. রুমানা ফেরদৌস বিনত-এ-রহমান | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (চঃ দাঃ) | |
| ৩. | ড. ফারুক আহমেদ | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (চঃ দাঃ) | |
| ৪. | জনাব মোঃ আব্দুল আলিম | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (চঃ দাঃ) | |
| ৫. | জনাব রাফিয়া সুলতানা | সিনিয়র ইন্সট্রাক্টর (চঃ দাঃ) | |
| ৬. | জনাব জেসমিন আরা | গবেষণা কর্মকর্তা (চঃদাঃ) | |
| ৭. | জনাব মোঃ মাসুদ ইকবাল | সিনিয়র লাইব্রেরীয়ান (অঃদাঃ) | |
| ৮. | জনাব মোঃ আখতারুজ্জামান | সহকারী গবেষণা কর্মকর্তা (চঃ দাঃ) | |
| ৯. | জনাব আবুল হাসনাত মোঃ রফিকুল ইসলাম | ভান্ডার রক্ষক | |
| ১০. | শ্রী বাবুল চন্দ্র | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর (অঃদাঃ) | |
| ১১. | জনাব মোঃ মাসুদ রানা | ওয়ারপার-কাম সাইজার | |
| ১২. | জনাব মোঃ রুহুল আমিন | ক্যাশিয়ার (অঃদাঃ) | |
| ১৩. | জনাব আজিদা পারভীন | পিএবিএক্স অপারেটর | |
| ১৪. | জনাব মোঃ আলম আলী | গবেষণা সহকারী (চঃ দাঃ) | |
| ১৫. | জনাব মোঃ ফজলুল হক বিশ্বাস | এক্সপার্ট রিয়ারার | |
| ১৬. | জনাব শারমিন আক্তার | ল্যাব সহকারী (চঃদাঃ) | |
| ১৭. | জনাব মোঃ রাজু আহমেদ | ল্যাব সহকারী (চঃদাঃ) | |
| ১৮. | জনাব মোঃ শুকতার আলী | অফিস সহায়ক | |
| ১৯. | জনাব মোঃ সাজেদুল ইসলাম | জেনারেটর কাম কোল্ড স্টোরেজ অপারেটর (চঃদাঃ) | |
| ২০. | জনাব মোঃ গোলাম মোস্তফা | হেলপার | |
| ২১. | জনাব মোঃ আবুল কাশেম | অফিস সহায়ক | |

মোঃ আফতাব উদ্দীন
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।

"উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র"
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
রাজশাহী।

১৫/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত তথ্য অধিকার আইন-২০০৯ এর বিধিমালা, প্রবিধানমালা ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালায় কর্মকর্তা/কর্মচারীগণের হাজিরাঃ

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আবু তালেব | হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ২. | ড. রুমানা ফেরদৌস বিনত-এ-রহমান | উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা (চঃ দাঃ) | 15/10/2023 |
| ৩. | ড. ফারুক আহমেদ | উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা (চঃ দাঃ) | ১৫/১০/২০২৩ |
| ৪. | জনাব মোঃ আব্দুল আলিম | উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা (চঃ দাঃ) | |
| ৫. | জনাব রাফিয়া সুলতানা | সিনিয়র ইন্সট্রাক্টর (চঃ দাঃ) | ১৫/১০/২০২৩ |
| ৬. | জনাব জেসমিন আরা | গবেষণা কর্মকর্তা (চঃদাঃ) | |
| ৭. | জনাব মোঃ মাসুদ ইকবাল | ~~হিসাব রক্ষণ কর্মকর্তা (অঃদাঃ)~~ সিনিয়র লীফ ম্যান (চঃদাঃ) | |
| ৮. | জনাব মোঃ আখতারুজ্জামান | সহকারী গবেষণা কর্মকর্তা (চঃ দাঃ) | |
| ৯. | জনাব আবুল হাসনাত মোঃ রফিকুল ইসলাম | ভান্ডার রক্ষক | ১৫/১০/২০২৩ |
| ১০. | শ্রী বাবুল চন্দ্র | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর (অঃদাঃ) | |
| ১১. | জনাব মোঃ মাসুদ রানা | ওয়ারপার-কাম সাইজার | |
| ১২. | জনাব মোঃ রুহুল আমিন | ক্যাশিয়ার (অঃদাঃ) | ১৫/১০/২৩ |
| ১৩. | জনাব আজিদা পারভীন | পিএবিএক্স অপারেটর | ১৫/১০/২৩ |
| ১৪. | জনাব মোঃ আলম আলী | গবেষণা সহকারী (চঃ দাঃ) | ১৫/১০/২০২৩ |
| ১৫. | জনাব মোঃ ফজলুল হক বিশ্বাস | এক্সপার্ট রিয়ারার | ১৫/১০/২০২৩ |
| ১৬. | জনাব শারমিন আক্তার | হিসাব সহকারী (অঃ দাঃ) | ১৫/১০/২৩ |
| ১৭. | জনাব মোঃ রাজু আহমেদ | ফিল্ডম্যান | ১৫/১০/২৩ |
| ১৮. | জনাব মোঃ শুকতার আলী | অফিস সহায়ক | ১৫/১০/২৩ |
| ১৯. | জনাব মোঃ সাজেদুল ইসলাম | হেলপার | ১৫/১০/২৩ |
| ২০. | জনাব মোঃ গোলাম মোস্তফা | হেলপার | ১৫/১০/২৩ |
| ২১. | জনাব মোঃ আবুল কাশেম | অফিস সহায়ক | ১৫/১০/২৩ |

মোঃ আফতাব উদ্দীন
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ রেশম গবেষণা ও




মোঃ আফতাব উদ্দীন
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।